দৈনিক সংবাদ ৩১

তারিখ MAY 31 1999
পৃষ্ঠা ... কলাম ...

# সুনামগঞ্জে এসিডে কলেজ ছাত্রী আহত

সুনামগঞ্জ, ৩০শে মে নিজস্ব সংবাদদাতা।- গত শনিবার সন্ধ্যায় এক যুবকের এসিড নিক্ষেপে গুরুতর আহত হয়েছে রেহেনা আক্তার ডলি (২২)। সে শহরের মহিলা কলেজ রোড আবাসিক এলাকার দবির মিয়ার মেয়ে। সে সুনামগঞ্জ সরকারি কলেজের স্নাতক শ্রেণীর ছাত্রী।

শনিবার সন্ধ্যায় বাসা থেকে বের হয়ে পাশের বাসায় যাওয়ার সময় একই এলাকার সেলিম নামে এক যুবক তার হাত টেনে ধরে এসিড ঢেলে দেয়। এতে তার সমস্ত বুক ঝলসে যায়। তার চিৎকারে বাসার লোকজন ছুটে আসে। তাকে সুনামগঞ্জ সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে। কোতোয়ালি থানায় একটি মামলা দায়ের করা হয়েছে।